ইলিয়ানা বিলিয়ানা – কবির কাঞ্চন

ইলিয়ানা বিলিয়ানা
হাসো আজি ষোলোআনা
পারো যদি গলা ছেড়ে
গেয়ে যাও গান,
ইলিয়ানা বিলিয়ানা
কালোমুখ আজ মানা
পারো যদি নেচে তুলো খুশির তুফান।

ইলিয়ানা বিলিয়ানা
ছুটাছুটি নেই মানা
পারো যদি ছুটে যাও
দূর সীমানায়,
ইলিয়ানা বিলিয়ানা
ভার কেন মুখখানা
পারো যদি হারিয়ে যাও ঐ নীলিমায়।

ইলিয়ানা বিলিয়ানা
অলিগলি সব জানা
পারো যদি বের হও
সুর চিনিতে,
ইলিয়ানা বিলিয়ানা
সবুজবাগে মেলে ডানা
ফুল পাখির কাছে যাও
সুখ কিনিতে।

মন দিয়ে ভালোবাসি- সোহেল রানা

মন দিয়ে ভালোবাসি সবুজের মাঠ
ধান ক্ষেত নদীনালা মেঠো পথঘাট
টুনটুনি দোয়েল ও কোকিলের সুর
সর্ষের ক্ষেত সাথে সোনালী দুপুর।

মন দিয়ে ভালোবাসি কৃষকের গান
আম জাম কাঁঠাল ও বরজের পান খাল-বিল নদীনালা পুকুরের মাছ
সারি সারি সাজানো সুপারিরও গাছ।

মন দিয়ে ভালোবাসি খেঁজুরের রস
গ্রীষ্মের ফল যেটা করে টসটস
মন যেটা ভালোবাসে শহরে না পাই
তাই মন পড়ে থাকে গ্রাম বাংলায়।

ফড়িং হতাম যদি- শরীফ সাথী

হীম বাতাসের দোল খাওয়ানো
সবুজ ঐ বন জুড়ে
আমি যদি ফড়িং হতাম
পাখা মেলে উড়ে
বঙ্গ ভূমির প্রাণের মেলায়
কাছে কিংবা দূরে
সারাটি দিন হৈ হুল্লোড় কত মজা ট্যুরে
সবুজ শোভায় দিতাম ছোঁয়া এদিক ওদিক ঘুরে
ফুল ফসলে নাচা হতো
গেয়ে মধুর সুরে।

যদি দেখা হয় আবার

এরপর-
আমাদের দেখা হয়ে গেলে-
চুমুর ভাষ্কর্য হয়ে
দ‚র্দান্ত মাদকতায়,
ক্লেশ-ক্লান্তি-অভিমান ধুয়ে-
দু’জন আক্রান্ত হবো শর্তহীন দীর্ঘনিশ্বাসে।

এরপর-
ফের দেখা হয়ে গেলে;
কফির পেয়ালা-
বিনিময় করবে ঠোঁটের উষ্ণতা।

চলো-পরষ্পর দেখা করি
অতঃপর পৃথিবীতে রেখে যাই উজ্জ্বল নক্ষত্র।

- মাহবুবা করিম

আমায় কেউ বলেনি

আমায় কেউ বলেনি নদীর মতো গভীর হতে
আমায় কেউ বলেনি পাথর হতে
কেউ বলেনি আমায় পাখির মতো
ডানা মেলতে আহত হয়ে ক্ষত বিক্ষত হৃদয়ে একটা স্বপ্ন আঁকতে
কেউ বলেনি আমায়..

আমায় কেউ বলেনি ঝরা পাতার মতো মনটাকে বৃষ্টি হয়ে ঝরাতে
আমায় কেউ বলেনি

মায়া ভরা মুখখানি তোমার লাজুক হাসির ফিসফিসানি

ভিজিয়ে ছিল হৃদয় পাতা ভরে ছিল শুন্য খাতা লাজুক মনের সব যে বাধা
পেরিয়ে ছিল মনের ভাষা.. তাই তো
দিনের আলোয় মুখটা তোমার দেখে ছিলাম আবেগ নেশায়
সেটা ও আমায় কেউ বলেনি

তোমার চোখ দুটো আমায় বার বার কাছে ডেকেছিল
তাই তোমায় আমি ছুঁয়ে দিয়ে ছিলাম হৃদয়ের ছোঁয়ায়
সেটাও আমায় কেউ বলেনি

ভালো লেগেছিল তাই তো
ভালোবেসে ছি মায়া জালে জড়িয়ে
তোমায় খুব আপন করেছি
সেটা ও আমায় কেউ বলেনি

ভালোবেসেছি তাই তো আমি সব স্বপ্নগুলো মনের খাতায় বন্দী করেছি…
সেটাও আমায় কেউ বলেনি
যা করেছি সব কিছু যে নিজের মনেই
তোমায় ভালোবেসে….

- হাসিনা হারভীয়া

দুর্নীতিতে

চাকরিখাতে দুর্নীতি আজ
যুগটা হল ঘুষের,
মেধাবীরা চাকরি না পায়

কী দশা মানুষের!

মামা-খালুর থাকলে রে জোর চাকুরি পাওয়া সোজা, টুংটাং সব সার্টিফিকেট মিল সে যেন গোঁজা।

এমনিভাবে সবখাতে আজ
দুর্নীতিতে ছাওয়া,
যোগ্যতারও নেই কোনো দাম ঘুষেরই গান গাওয়া।

মন্দ কাজও করলে পরে
টাকায় মেলে ছাড়া,
সবখানে আজ দুর্নীতিবাজ হয়ে আছেন খাড়া।

- জুলফিকার আলী